আবেদনকারীর সাম্প্রতিক ০২ কপি ছবি (সত্যায়িত)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
রপ্তানি উন্নয়ন ব্যুরো
টিসিবি ভবন, ১, কাওরান বাজার, ঢাকা-১২১৫
www.epb.gov.bd /E-mail: ditf@epb.gov.bd /Facebook: www.facebook.com/epb.gov.bd

# ৩০তম ঢাকা আন্তর্জাতিক বাণিজ্য মেলা (ডিআইটিএফ) ২০২৬ এ সংরক্ষিত মিনি প্যাভিলিয়ন (RMP) এর আবেদন পত্র।

১। প্রতিষ্ঠান/কোম্পানী/সংস্থার নাম (ট্রেড লাইসেন্স অনুযায়ী):..........................................

২। ঠিকানা :..........................................
টেলিফোন নম্বর :.................... মোবাইল নম্বর :....................ই-মেইল নম্বর :....................
শহর :.................... বিভাগ :.................... পোস্ট কোড :. .................... ফ্যাক্স :....................

৩। **সংরক্ষিত মিনি প্যাভিলিয়নের আয়তন, ভাড়া ও প্রসেসিং ফি:**
আয়তনঃ ৩৬´X ১৭´ = ৬১২ বর্গফুট (কম/বেশি);
আবেদনপত্র প্রসেসিং ফি (ভ্যাট ট্যাক্সসহ) ১৪,০০০/- (চৌদ্দ হাজার) টাকা মাত্র (অফেরতযোগ্য);
ভাড়া ১১,০০,০০০/- (এগারো লক্ষ) টাকা মাত্র।

৪। **ব্যবসার ধরণ (বাক্সে টিক চিহ্ন দিন):**

- ☐ ক) উৎপাদক
- ☐ খ) সাধারণ ব্যবসায়ী
- ☐ গ) সরকারী/স্বায়ত্বশাসিত সংস্থা/ব্যাংক
- ☐ ঘ) চেম্বার/ট্রেড এসোসিয়েশন
- ☐ ঙ) রপ্তানিকারক
- ☐ চ) অন্যান্য

৫। **প্রদর্শনের জন্য পণ্য (ট্রেড লাইসেন্স অনুযায়ী): কেবল মাত্র সাধারণ ব্যবসায়ীগণ একক পণ্য গ্রুপে আবেদন করতে পারবেন।**
(ক) .................................... (খ) ....................................
(গ) .................................... (ঘ) ....................................
(ঙ) .................................... (চ) ....................................
(ছ) .................................... (জ) ....................................

৬। **আবেদনপত্র প্রসেসিং ফি (আবেদনকারী প্রতিষ্ঠান/কোম্পানীর নামে হতে হবে):**
ব্যাংক ডিপোজিট/স্ক্রল নম্বর : .................... তারিখ :.................... ব্যাংক এর নাম:....................
শাখা : .................... টাকার পরিমাণ : ....................

৭। **নিরাপত্তা জামানত (ফেরতযোগ্য) রশিদ (আবেদনকারী প্রতিষ্ঠান/কোম্পানীর নামে হতে হবে):**
ব্যাংক ডিপোজিট/স্ক্রল নম্বর :.................... তারিখ : .................... ব্যাংক এর নাম: ....................
শাখা :.................... টাকার পরিমাণ : ....................

৮। সংরক্ষিত মিনি প্যাভিলিয়ন বরাদ্দের জন্য আগ্রহী অংশগ্রহণকারীদের নিম্নলিখিত ব্যাংক হিসাব নম্বর ''ঢাকা আন্তর্জাতিক বাণিজ্য মেলা তহবিল'' এর পক্ষ নিরাপত্তা জামানত হিসাবে ভাড়ার ২৫% পরিমাণ অর্থ ইপিবি'র ওয়েবসাইটে প্রদত্ত নির্ধারিত ডিপোজিট স্লিপের মাধ্যমে জমা দিতে হবে।
- ব্যাংক এর নামঃ ব্র্যাক ব্যাংক লিঃ
- এসএনডি হিসাব নম্বরঃ ১৫০১১০২৪৮৫১০৩০০১

৯। **আবেদনপত্রের সহিত নিমণলিখিত কাগজপত্র দাখিল করতে হবে :**
(ক) আবেদনপত্র প্রসেসিং ফি, নিরাপত্তা জামানত বাবদ জমাকৃত অর্থের স্লিপ (ডিআইটিএফ অংশের মূল কপি);
(খ) ট্রেড লাইসেন্স এর সত্যায়িত ফটোকপি;
(গ) ভ্যাট রেজিস্ট্রেশন সার্টিফিকেট এর সত্যায়িত ফটোকপি;
(ঘ) এক্সপোর্ট রেজিস্ট্রেশন সার্টিফিকেট (ইআরসি) সত্যায়িত ফটোকপি (প্রযোজ্য ক্ষেত্রে);
(ঙ) বাংলাদেশ ব্যাংক কর্তৃক ইস্যুকৃত (পিআরসি) (প্রযোজ্য ক্ষেত্রে) এর সত্যায়িত ফটোকপি;
(চ) করবর্ষ ২০২৪-২৫ এর কর নিষ্পত্তির সার্টিফিকেট-এর সত্যায়িত ফটোকপি;
(ছ) চেম্বার/ ট্রেড এসোসিয়েশনের সদস্য সার্টিফিকেট-এর সত্যায়িত ফটোকপি (যদি থাকে);
(জ) ব্যাংক সলভেন্সি সার্টিফিকেট;
(ঝ) জাতীয় পরিচয়পত্রের ফটোকপি।



রপ্তানি উন্নয়ন ব্যুরো ঢাকা

CamScanner

১০। **শর্তাবলী:**

১০.১ সংরক্ষিত মিনি প্যাভিলিয়ন নাম্বার ও লোকেশন ম্যাপ (মাস্টারপ্ল্যান) রপ্তানি উন্নয়ন ব্যুরোর মেলা সচিবালয় ও ইপিবি'র ওয়েবসাইট www.epb.gov.bd এ পাওয়া যাবে। যথাযথ কর্তৃপক্ষ মাস্টার প্ল্যান পরিবর্তন করার ক্ষমতা সংরক্ষণ করেন ;

১০.২ বরাদ্দপ্রাপ্ত প্রতিষ্ঠান/সংস্থাকে সংরক্ষিত মিনি প্যাভিলিয়ন ভাড়ার উপর ১৫% ভ্যাট ও ১০% আয়কর প্রদান করতে হবে;

১০.৩ আবেদনপত্রের হার্ডকপি ১৭-১১-২০২৫ খ্রি. বিকাল ০৫:০০ টা পর্যন্ত (১) সচিব (উপসচিব), রপ্তানি উন্নয়ন ব্যুরো, ঢাকা এর দপ্তর; (২) বাণিজ্য মন্ত্রণালয় (ভবন-০৩, কক্ষ নং ১২৭), বাংলাদেশ সচিবালয়, ঢাকা; (৩) অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক) ঢাকা-এর দপ্তর (১ম ১২তলা সরকারি ভবন, কক্ষ নং-৩০৩, সেগুন বাগিচা, ঢাকা) (পূরণকৃত আবেদন/দরপত্র সরাসরি, ই-মেইল: ditf@epb.gov.bd অথবা ডাক/কুরিয়ার সার্ভিস যোগে দাখিল করা যাবে। তবে, নির্ধারিত তারিখ ও সময়ের পরে প্রাপ্ত আবেদন/দরপত্র বাতিল বলে গণ্য হবে);

১০.৪ আবেদনপত্র ই-মেইলে ditf@epb.gov.bd আগামী ১৭-১১-২০২৫ খ্রি. বিকাল ০৫:০০ টা পর্যন্ত প্রয়োজনীয় কাগজাদিসহ জমা দেওয়া যাবে;

১০.৫ বৈধ কাস্টমস সার্টিফিকেট ছাড়া সংরক্ষিত মিনি প্যাভিলিয়নে বিদেশি পণ্য বিক্রি বা প্রদর্শন করা যাবে না;

১০.৬ আবেদনকারীকে বাংলা ও ইংরেজি ভাষা ছাড়া অন্য কোন ভাষায় লিখিত সাইনবোর্ড, ব্যানার বা ফেস্টুন ব্যবহার করার অনুমতি দেওয়া হবে না ;

১০.৭ বিজ্ঞাপন ও আবেদনপত্রের শর্তাবলী পরিপালন সাপেক্ষে মেলা শেষ হওয়ার পর নিরাপত্তা জামানত ফেরত প্রদান করা হবে। ডিআইটিএফ ২০২৬ এ সংরক্ষিত মিনি প্যাভিলিয়ন বরাদ্দের ক্ষেত্রে লটারীতে অনির্বাচিত প্রতিষ্ঠানের নিরাপত্তা জামানত আবেদনের ভিত্তিতে ফেরত প্রদান করা হবে;

১০.৮ আবেদনপত্রের সাথে ভূয়া কাগজপত্র জমা দেওয়ার জন্য নিরাপত্তা জামানত বাজেয়াপ্ত এবং বিদ্যমান আইন/নিয়ম অনুযায়ী অন্যান্য জরিমানা সহ বরাদ্দপত্র বাতিল করা হবে;

১০.৯ বরাদ্দপত্র আবেদনকারীগণ অন্য কোন ব্যক্তি/প্রতিষ্ঠানের নিকট মালিকানা হস্তান্তর করতে পারবেন না। হস্তান্তর করলে বরাদ্দ বাতিল করে জমাকৃত সম্পূর্ণ অর্থ বাজেয়াপ্ত করা হবে ;

১০.১০ ''ঢাকা আন্তর্জাতিক বাণিজ্য মেলা তহবিলে'' অর্থ জমার স্লিপ অবশ্যই সংরক্ষণ করে রাখতে হবে। নিরাপত্তা জামানত ফেরত প্রদানের সময় অর্থ জমার স্লীপ অবশ্যই প্রদর্শন করতে হবে। অন্যথায় নিরাপত্তা জামানত ফেরত প্রদান করা সম্ভব হবে না;

১০.১১ যদি কোন প্রতিষ্ঠান/সংস্থা বিজ্ঞাপন ও আবেদনপত্রের শর্তাবলী মানতে ব্যর্থ হলে ভবিষ্যতে ডিআইটিএফ এ অংশগ্রহণে অযোগ্য এবং কালো তালিকাভুক্ত করা হবে;

১০.১২ কোন প্রকার প্রকৃতিক দূর্যোগের কারণে/দর্শক সমাগম কম হওয়ার কারণে ক্ষতির সম্মুখীন হলে/অন্য কোন কারণে মেলা স্থগিত হলে ডিআইটিএফ কর্তৃপক্ষ দায়ী থাকবে না। এ ক্ষেত্রে প্রযোজ্য ভাড়া, ভ্যাট-ট্যাক্সসহ সকল ধরণের অর্থ পরিশোধযোগ্য হবে এবং এ ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে;

১০.১৩ ট্রেড লাইসেন্স, ভ্যাট সার্টিফিকেট যাচাইকরণের জন্য ডিআইটিএফ কর্তৃপক্ষ সরেজমিনে পরিদর্শন/ব্যবসায়িক অবস্থান যাচাই করা যেতে পারে;

১০.১৪ চূড়ান্ত বরাদ্দপত্র পাওয়ার আগে, লিখিত ঘোষণা/অঙ্গীকার সংশ্লিষ্ট সংস্থা/প্রতিষ্ঠানকে মেলা কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত এবং বিতরণকৃত এতদসংক্রান্ত শর্তাবলী সম্বলিত ৩০০/- (তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে একটি চুক্তিতে আবদ্ধ হতে হবে ;

১০.১৫ অংশগ্রহণকারীরা কোন নিয়ম-কানুন ও বিধি লঙ্ঘন করলে, ডিআইটিএফ কর্তৃপক্ষ নিরাপত্তা জামানতের অর্থ বাজেয়াপ্ত করতে পারবে ;

১০.১৬ কোন আবেদনকারী বা বরাদ্দপ্রাপ্ত প্রতিষ্ঠান/সংস্থা'কে আরোপিত জরিমানার অর্থ ডিআইটিএফ তহবিলে জমাকৃত নিরাপত্তা জামানতের অর্থ থেকে কর্তন করা হবে;

১০.১৭ বরাদ্দপ্রাপ্ত প্রতিষ্ঠান/সংস্থা বরাদ্দকৃত জায়গার অতিরিক্ত জায়গা দখল করলে, অতিরিক্ত জায়গার ভাড়ার ১.৫ (দেড়) গুণ পর্যন্ত জরিমানা করা হবে;

১০.১৮ ডিআইটিএফ তহবিলে প্রয়োজনীয় অর্থ জমা দেওয়ার জন্য ইপিবি/ডিআইটিএফ ওয়েবসাইট থেকে নির্দিষ্ট ''ডিপোজিট স্লিপ'' ফর্মটি পুরণ করে জমা দিতে হবে। অন্যথায় ডিআইটিএফ তহবিলে অর্থ জমা দেওয়ার দাবি গ্রহণযোগ্য হবে না;

১০.১৯ কোন প্রতিষ্ঠান/সংস্থার মালিক বা কর্মকর্তা ডিআইটিএফ কর্তৃপক্ষের সাথে অযৌক্তিক/অসম্মানজনক আচরণ করলে, ডিআইটিএফ কর্তৃপক্ষ সিভিল ও ফৌজদারি মামলা সহ ডিআইটিএফ এ উক্ত প্রতিষ্ঠান/ব্যক্তিকে অংশগ্রহণে অযোগ্য হিসাবে ঘোষণা করতে পারবে;

১০.২০ নির্দিষ্ট সময়ের মধ্যে ডিআইটিএফ তহবিলে জমাযোগ্য অর্থ জমা করতে ব্যর্থ হলে ইতোপূর্বে ডিআইটিএফ তহবিলে জমাকৃত মোট অর্থ বাজেয়াপ্ত করা হবে;

১০.২১ সংরক্ষিত মিনি প্যাভিলিয়নে কোন প্রকার পরিবেশনকৃত খাবার বিক্রয় করা যাবে না। তবে ডিআইটিএফ কর্তৃপক্ষের পূর্বোনুমোদনক্রমে বিক্রয় করতে পারবে;

১০.২২ কোন প্রতিষ্ঠান/সংস্থার ডিআইটিএফ কার্যক্রমে অংশগ্রহণে অযোগ্য ঘোষিত/রপ্তানি উন্নয়ন ব্যুরো দ্বারা কালো তালিকাভুক্ত হয়ে থাকলে উক্ত প্রতিষ্ঠান/সংস্থার আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না;

১০.২৩ মেলার শ্রেষ্ঠ প্যাভিলিয়ন/স্টল নির্বাচন কমিটির বিবেচনায় মেলার শ্রেষ্ঠ প্যাভিলিয়ন/স্টল এর বরাদ্দপ্রাপ্ত/স্বত্বাধিকারী প্রতিষ্ঠানকে পুরস্কৃত করা হবে। এ বিষয়ে মেলা কর্তৃপক্ষর সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে;

১০.২৪ সংরক্ষিত মিনি প্যাভিলিয়নের বরাদ্দকৃত মূল্য ৩১ (একত্রিশ) দিনের জন্য প্রযোজ্য হবে;



রপ্তানি উন্নয়ন ব্যুরো ★ ঢাকা ★

CS CamScanner

১০.২৫ ডিআইটিএফ ২০২৬ এর মেয়াদ/সময়কাল বর্ধিত হলে- অতিরিক্ত দিনের জন্য বরাদ্দকৃত মূল্যের আনুপাতিক হারে ভাড়া, ভ্যাট-ট্যাক্স পরিশোধ করতে হবে। যদি ভাড়া, ভ্যাট-ট্যাক্স পরিশোধ করা না হয়, তাবে নিরাপত্তা জামানতের অর্থ থেকে কর্তন করে সমন্বয় করা হবে;

১০.২৬ ডিআইটিএফ ২০২৬ এ বরাদ্দকৃত সংরক্ষিত মিনি প্যাভিলিয়নের সাইনবোর্ড, ব্যানার, নাম, ব্র্যান্ড এবং লোগো ছাড়া অন্য কোন প্রতিষ্ঠানের সাইনবোর্ড, ব্যানার, নাম, ব্র্যান্ড এবং লোগো ব্যবহার করা যাবে না;

১০.২৭ **আবেদনপত্রের প্রত্যেক পাতার নিচের অংশে আবেদনকারীর স্বাক্ষর, সীল ও তারিখ থাকতে হবে;**

১০.২৮ **আবেদনপত্রের সাথে দাখিলকৃত সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের ব্যাংক সলভেন্সি সার্টিফিকেট এ বর্ণিত ব্যাংকের হিসাব নম্বরে নিরাপত্তা জামানতের অর্থ ফেরত প্রদান করা হবে;**

১০.২৯ প্রকাশিত বিজ্ঞাপনে উল্লিখিত সকল শর্ত/প্রবিধান আবেদনকারী/অংশগ্রহণকারীর জন্য প্রযোজ্য হবে;

১০.৩০ অসম্পূর্ণ আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না;

১০.৩১ অনিবার্যকারণ বশত: মেলা আয়োজনের সময়সীমা পরিবর্তিত হলে তা যথাসময়ে বিজ্ঞপ্তির মাধ্যমে প্রচার করা হবে;

১০.৩২ মেলা কর্তৃপক্ষ আংশিক বা সমস্ত আবেদনপত্র গ্রহণ বা প্রত্যাখ্যান করার অধিকার সংরক্ষণ করে।

১১। (ক) জরুরি প্রয়োজনে যোগাযোগের জন্য সংরক্ষিত মিনি প্যাভিলিয়নের দায়িত্ব পালনকারী পরিচালক/কর্মকর্তার নাম :

| ক্রমিক নং | **নাম ও পদবী** | **ঠিকানা** | **ফোন/মোবাইল নম্বর/ই-মেইল** |
|---|---|---|---|
| ১ | | | |

(খ) সংরক্ষিত মিনি প্যাভিলিয়নের ম্যানেজমেন্ট স্টাফ/মালিকের বিবরণ (ব্যক্তিগত মালিকানার ক্ষেত্রে):

| ক্রমিক নং | **নাম ও পদবী** | **ঠিকানা** | **ফোন/মোবাইল নম্বর/ই-মেইল** |
|---|---|---|---|
| ১ | | | |

১২। আবেদনকারীর তথ্য :

নাম:............................................... পদবী :.......................... স্বাক্ষর (সীলসহ)...............................

৩০.১০.২০২৫

**সচিব (উপসচিব)**
রপ্তানি উন্নয়ন ব্যুরো, ঢাকা
ও
**পরিচালক**
৩০তম ঢাকা আন্তর্জাতিক বাণিজ্য মেলা (ডিআইটিএফ) ২০২৬ সচিবালয়
১, কাওরান বাজার, টিসিবি ভবন (৫ম তলা), ঢাকা-১২১৫
ফোনঃ ০২-৫৫০১৩৪২০, PABX ০২-৯১৪৪৮২২-২৪, ৮১৮০০৮৪, ৮১৮০০৮৭, ৮১৮০০৯০, এক্সটেনশন নং-১১৪, ফ্যাক্সঃ ৮৮০-২-৫৫০১৪০২৪
ওয়েবসাইটঃ www.epb.gov.bd , ই-মেইলঃ ditf@epb.gov.bd, Facebook: www.facebook.com/epb.gov.bd



CamScanner